

পরীক্ষা

এসএসসির ফরম পূরণের সময় আবার বাড়ল

নিজস্ব প্রতিবেদক ঢাকা



প্রথম আলো ফাইল ছবি

এসএসসি পরীক্ষার ফরম পূরণের সময় আবার বাড়ানো হয়েছে। ১০০ টাকা জরিমানা বা বিলম্ব ফি দিয়ে আজ মঙ্গলবার (৭ মার্চ) থেকে ১৪ মার্চ পর্যন্ত অনলাইনে ফরম পূরণ করতে পারবে শিক্ষার্থীরা। ফরম পূরণের ফি জমা দেওয়া যাবে ১৫ মার্চ পর্যন্ত।

গতকাল সোমবার এসএসসির ফরম পূরণের সময় বাড়ানো-সংক্রান্ত এক বিজ্ঞপ্তিতে এসব কথা বলা হয়েছে। বিষয়টি জানিয়ে প্রতিষ্ঠানপ্রধানদের চিঠি পাঠিয়েছে ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড।

এর আগে গত ১৬ জানুয়ারি ১০০ টাকা বিলম্ব ফি দিয়ে এসএসসির ফরম পূরণের বর্ধিত সময় শেষ হয়েছিল। শিক্ষা বোর্ডের চিঠিতে বলা হয়েছে, ‘২০২৩ সালের এসএসসি পরীক্ষার বিলম্ব ফিসহ ফরম পূরণের সময় ৭ মার্চ থেকে ১৪ মার্চ পর্যন্ত বৃক্ষি করা হলো। ফি জমা দেওয়ার শেষ তারিখ ১৫ মার্চ।’

বিজ্ঞাপন

গত ১৮ ডিসেম্বর এসএসসি পরীক্ষার ফরম পূরণ শুরু হয়। জরিমানা ছাড়া ৪ জানুয়ারি পর্যন্ত ফরম পূরণের সুযোগ পায় শিক্ষার্থীরা। আর ১০০ টাকা বিলম্ব ফি বা জরিমানা দিয়ে ৭ জানুয়ারি থেকে ৯ জানুয়ারি পর্যন্ত এসএসসির ফরম পূরণের সুযোগ দেওয়া হয়েছিল। সে সময় প্রথম দফায় ১৬ জানুয়ারি পর্যন্ত বাড়ানো হয়েছিল। এবার আবার ৭ থেকে ১৪ মার্চ এসএসসি পরীক্ষার্থীদের ফরম পূরণের সুযোগ দেওয়া হলো।

ফরম পূরণের ফি কত

শিক্ষা বোর্ডগুলো এসএসসি পরীক্ষার ফরম পূরণের ফি নির্ধারণ করে দিয়েছে। ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের শিক্ষার্থীদের ফরম পূরণের ফি ২ হাজার ২০ টাকা। বিজ্ঞান বিভাগের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত ফি ২ হাজার ১৪০ টাকার মধ্যে বোর্ড ফি ১ হাজার ৬২৫ টাকা ও কেন্দ্র ফি ৫১৫ টাকা। ব্যবসায় শিক্ষা ও মানবিক বিভাগের শিক্ষার্থীদের জন্য নির্ধারিত ২ হাজার ২০ টাকা ফির মধ্যে বোর্ড ফি ১ হাজার ৫৩৫ টাকা ও কেন্দ্র ফি ৪৮৫ টাকা।

এসএসসি পরীক্ষার ফি বাবদ শিক্ষার্থীদের কাছ থেকে পত্রপ্রতি ১১০ টাকা, ব্যবহারিকের ফি বাবদ পত্রপ্রতি ৩০ টাকা, একাডেমিক ট্রান্সক্রিপ্টের ফি বাবদ পরীক্ষার্থীপ্রতি ৩৫ টাকা, মূল সনদ বাবদ শিক্ষার্থীপ্রতি ১০০ টাকা, বয়েজ স্কাউট ও গার্লস গাইড ফি বাবদ ১৫ টাকা এবং জাতীয় শিক্ষা সপ্তাহ ফি বাবদ পরীক্ষার্থীপ্রতি ৫ টাকা নির্ধারণ করা হয়েছে। অনিয়মিত শিক্ষার্থীদের ক্ষেত্রে পরীক্ষার্থীপ্রতি ১০০ টাকা অনিয়মিত ফি দিতে হবে। আর জিপিএ উন্নয়ন পরীক্ষার্থীদের ১০০ টাকা অনুমতি বা তালিকাভুক্তি ফি দিতে হবে।



 **prothomalo.com**

সম্পাদক ও প্রকাশক : মতিউর রহমান
স্বত্ত্ব © ২০২৩ প্রথম আলো